

আত্-তিবয়ান পাবলিকেশন্স

আত্-তিবয়ান পাবলিকেশন্স

আল্লাহ্ আমাদের বিজয়ের জন্য প্রস্তুত করছেন

ইমাম আনওয়ার আল-আওলাকি

(আল্লাহ্ তাঁকে নিজ হেফাজতে রাখুন)

আল্লাহ্ আমাদের বিজয়ের জন্য প্রস্তুত করছেন

ইমাম আনওয়ার আল-আওলাকি (আল্লাহ্ তাঁকে নিজ হেফাজতে রাখুন)-
এর অডিও লেকচার অবলম্বনে

আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা *'মুসলিমীন ফী কুল্লি মাকান'* (সর্বস্থানের মুসলিমদের) প্রতি উৎসর্গিত, যারা অন্ধকারাচ্ছন্ন কুফরের বিরুদ্ধে সত্যের বিজয় সন্ধানে বদ্ধ পরিকর। হে মুওয়াহিদ! তোমরা আনন্দিত হও এজন্য যে, আল্লাহ্র বিজয় অতি নিকটে, কেবল যদি তোমরা তা দেখতে পেতে!

يريدونَ أنْ يطفئُوا نور الله بِأفْواههم ويأبى الله إلا أنْ يتم نوره ولُو كرِه الكافرونَ

"ওরা চায় ফুৎকার দিয়ে আল্লাহ্র আলো নিভিয়ে দিতে, কিন্তু আল্লাহ্ তা পূর্ণাঙ্গ করবেনই, কাফিরদের নিকট যতই তা ঘৃণা ও গাত্রদাহের কারণ হোক।"

[সূরা আত-তওবাহ্ ঃ ৩২]

সূচীপত্র

শাইখের পরিচয় ৪

সম্পাদকের মন্তব্য ৬

আল্লাহ্ আমাদের বিজয়ের জন্য প্রস্তুত করছেন..... ৭

১) আল্লাহ্ কোন পরিণতি চাইলে, তার উপায় তিনি সৃষ্টি করবেন..... ৭

২) খিলাফত ব্যবস্থার প্রত্যাবর্তন, বর্তমান সময়ের বা কালের জন্য আফসোস করা সমীচীন নয়.....১২

৩) বিজয় অতি নিকটে ১৬

(৪) ইতিহাসের পুনরাবৃত্তি ঘটে ২৭

(৫) ফিৎনার চরম মাত্রা অনুধাবন করা..... ৩৬

(৬) এই উম্মতের সমস্যার বাস্তবসম্মত সমাধান ৪২

শাইখের পরিচয়

ইমাম আনওয়ার আল-আওলাকি একজন উচুঁমানের বিদগ্ধ মুসলিম আলেম যিনি নিউ মেক্সিকোতে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা মাতা ইয়েমেনী। ইয়েমেনেই তাঁর জীবনের এগারো বছর কাল অতিক্রান্ত হয়। সেখানে তিনি ইসলামের উপর প্রাথমিক জ্ঞান অর্জন করেন।

আনওয়ার আল-আওলাকি কলোরাডো ক্যালিফোর্নিয়াতে ইমাম হিসেবে দায়িত্ব পালন করেন। পরে ওয়াশিংটন ডি.সি.-তে অবস্থিত '*দার আল-হিজরাহ*' ইসলামিক সেন্টার এবং জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটির মুসলিম প্রধান হিসেবে নেতৃত্ব প্রদান করেন। আমেরিকা এবং ইয়েমেন, এক দেশ থেকে অপর দেশে তিনি প্রায়ই যাতায়াত করতেন। সেখানে প্রসিদ্ধ আলেমগণের সান্নিধ্যে *শরীয়াহ্*-র উপর পড়াশোনা করতেন এবং আমেরিকার নাগরিক হওয়া সত্ত্বেও পরবর্তিতে তাঁকে আমেরিকায় প্রবেশ নিষিদ্ধ করা হয়। কলোরাডো স্টেট ইউনিভার্সিটি থেকে তিনি সিভিল ইঞ্জিনিয়ারিং-এ বি.এস.সি. এবং সান ডিয়েগো স্টেট ইউনিভার্সিটি থেকে এডুকেশন লিডারশিপে এম.এ. ডিগ্রী অর্জন করেন। তিনি জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটিতে হিউম্যান রিসোর্স ডেভেলেপমেন্টএর ওপর গবেষণারত ছিলেন।

তাঁর বহুল জনপ্রিয় অডিও সিরিজের মধ্যে উল্লেখযোগ্য হল - "Lives of the Prophets", "The Hereafter", "The Life of Muhammad (saws)", "The Life and Times of Abu Bakr Al-Siddique (ra)", "The Life and Times of 'Umar

Ibn Al-Khattab (ra)", "The Story of Ibn Al-Akwa", "Constants on the Path of Jihad", এবং আরও অনেক ।

কুফ্ফার এবং মুরতাদগণ তাঁকে ইয়েমেনের রাজধানী, সানায় আটক করে । এর কারণ পরিষ্কার নয়, যদিও অনেকে ধারণা করে এবং বলে থাকে যে, ১১ই সেপ্টেম্বর-এর হাইজ্যাকারদের সাথে তাঁর সংশ্লিষ্টতা রয়েছে । আল্লাহ্ই ভাল জানেন । তিনি সেই মহান আলেমদের মাঝে অন্যতম, যাঁরা জিহাদ ফী সাবীলিল্লাহ্কে মুসলিম উম্মতের উপর কুফ্ফার অধিকৃত মুসলিম ভূখন্ডে ফরযে আইন বলে প্রচার করে থাকেন । কেউ কেউ অবশ্য বলে যে, ইমামকে মুক্তি দেয়া হয়েছে; ইয়েমেনের রাস্তায় রাস্তায় এ কথা শোনা যাচ্ছে । যদি তাই সত্য হয়, তবে আল্লাহ্ যেন তাঁকে শত্রুর কণ্ঠনালী আরও কঠিন ও রূঢ়ভাবে চেপে ধরার তৌফিক দেন! আমীন ।

সম্পাদকের মন্তব্য

বিসমিল্লাহির রাহমানির রাহীম। আল্লাহ্‌র প্রশংসা ও শুকরিয়া জ্ঞাপন করছি, তিনি যেভাবে চেয়েছেন সেভাবে আমাদেরকে তাঁর দ্বীন প্রচারের তৌফিক দিয়েছেন। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আসমান ও জমিনে আল্লাহ্ ব্যতীত কোন উপাস্য নেই এবং মুহাম্মদ **صلى الله عليه وسلم** তাঁর প্রেরিত সর্বশেষ রাসূল, যিনি সমগ্র মানব জাতির জন্য রহমত স্বরূপ এবং সত্য মিথ্যার পার্থক্যকারী রূপে প্রেরিত। আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, সকল তাগুত ও আল্লাহ্‌র শত্রুর প্রতি আমি ঘৃণা পোষণ করি, তাদের থেকে আমি বিচ্ছিন্ন। আর আমার ভালবাসা ও আনুগত্য আল্লাহ্ , তাঁর রাসূল **صلى الله عليه وسلم** এবং মু'মিনগণের প্রতি।

আলহামদুলিল্লাহ্, ছুম্মা আলহামদুলিল্লাহ্, আমরা ধারাবাহিক শ্রুতিপূর্বক অনুলিখনের দ্বিতীয় কাজটি সমাপন করে, পুস্তিকা আকারে তা প্রকাশ করতে পেরেছি। কেবল আল্লাহ্‌র ইচ্ছা ও রহমতের জন্যই এ মহান উদ্দেশ্য সাধন করা আমাদের পক্ষে সম্ভবপর হয়েছে। প্রকৃতপক্ষে আল্লাহ্‌র স্বীকৃতি ছাড়া কোন স্বীকৃতি নেই, কেননা, তিনি আল-খালিক, আসমান ও জমিনের পরিকল্পনাকারী, এর ভিতরে বাইরে যা কিছু আছে তিনিই সবচেয়ে ভাল জানেন।

যেহেতু আলোচনার বিষয়বস্তু খুবই গুরুত্বপূর্ণ, পাঠক আশা করি বিস্তারিত পাঠ করে তা অনুধাবন করবেন, তাই আমার মনে হয়েছে, বক্তব্য বিষয়ের দলিল প্রমাণাদি পাদ-টীকায় তুলে ধরা জরুরী। দয়া করে আমাদের জন্য দো'আ করবেন, যেন আল্লাহ্, তাঁর দ্বীন প্রচারের এ প্রচেষ্টা আমাদের তরফ থেকে কবূল করেন।

জাযা কাল্লাহু খায়রান

মুজাহিদ ফী সাবীলিল্লাহ্

আল্লাহ্ আমাদের বিজয়ের জন্য প্রস্তুত করছেন

১) আল্লাহ্ কোন পরিণতি চাইলে, তার উপায় তিনি সৃষ্টি করবেন

এই শিরোনামটি ইমাম ইবন আসীর-এর ইতিহাস গ্রন্থ *'আল-কামিল'* থেকে নেয়া। আল্লাহ্ কোন পরিণতি বা চূড়ান্ত সমাপ্তি চাইলে, তিনি যথার্থ উপায় ও উপলক্ষ্য সৃষ্টি করবেন, যা সেই নির্ধারিত লক্ষ্যের দিকে এগিয়ে যাবে। আল্লাহ্ তা'আলা এই উম্মতের জন্য বিজয় চাইলে, তিনি বিজয়ের উপযুক্ত ক্ষেত্র তৈরী করবেন। বর্তমানে যা কিছু ঘটছে, সেই ঘটনা প্রবাহ থেকে বিজয়ের আগাম বার্তা পাওয়া যাচ্ছে।

উপরোক্ত বিধানটি সঠিক বলে প্রতীয়মান হলে আমরা যাচাই করে প্রমাণ করতে সক্ষম হব যে, অভীষ্ট লক্ষ্য বা পরিণতি সঠিক ও উপযুক্ত পথে ধাবিত হচ্ছে। বিজয়ের ক্ষেত্রে সাধারণ ধারণা হল, চূড়ান্ত পরিণামে, এই উম্মতের বিজয় অর্জিত হবে। আল্লাহ্ তা'আলা কুর'আনে এবং রাসূল **صلى الله عليه وسلم** হাদীসে বিজয়ের প্রতিশ্রুতি দিয়েছেন। এই প্রতিশ্রুতিতে আমাদের সবার *ইয়াক্বীন* তথা দৃঢ় বিশ্বাস পোষণ করা উচিত। ইয়াক্বীনের বিষয় আসলে আকীদাহ্র সাথে সংশ্লিষ্ট। মুসলিম হিসেবে আপনাকে অবশ্যই বিশ্বাস করতে হবে যে, এই উম্মাহ্ চূড়ান্ত বিজয় লাভ করবে তা কেউ অস্বীকার করলে বুঝতে হবে, তার ঈমানে সমস্যা রয়েছে। কেন? কারণ এর পক্ষে অকাট্য দলিল প্রমাণাদি রয়েছে। তার কতিপয় নিম্নে তুলে ধরা হলঃ

আল্লাহ্ তা'আলা বলেন,

وَلَقَد كَتبنا في الزبور من بعد الذكْر أن الأَرض يرثُها عبادي الصالحونَ

"আমরা পূর্ববতী উপদেশের (তাওরাত) পর যবূর-কিতাবে লিখে দিয়েছি যে, সৎকর্মপরায়ণ বান্দাগণ অবশেষে পৃথিবীর অধিকার ও কর্তৃত্ব লাভ করবে।"

[সূরা আল-আম্বিয়া ঃ ১০৫]

সুতরাং শেষ পর্যন্ত আল্লাহ্ তা'আলার সৎকর্মপরায়ণ বান্দাগণ পৃথিবীর বুকে প্রতিষ্ঠা লাভ করবে। আল্লাহ্ তা'আলা বলেন,

ولَقَد سبقَت كَلمتنا لعبادنا الْمرسلين إنهم لَهم الْمنصورونَ

وإِن جندنا لَهم الْغالبونَ

"আমার বান্দা ও রাসূলগণের ব্যাপারে এই কথা সত্য হয়েছে যে, তাঁরা সাহায্যপ্রাপ্ত হবে; এবং আমার বাহিনীই (সর্বশেষে) বিজয়ী হবে।"

[সূরা আস-সাফফাত ঃ ১৭১-১৭৩]

আল্লাহ্ নবীদের প্রতিশ্রুতি দেন যে, তিনি তাদের বিজয় দান করবেন, আল্লাহ্ তা'আলা বলেনঃ

إِن الْأَرض لله يورثُها من يشاءُ من عباده والْعاقبةُ للْمتقين...

"...নিশ্চয়ই এই পৃথিবী আল্লাহ্র; তাঁর বান্দাদের মাঝে যাকে খুশি তিনি কর্তৃত্ব দান করেন, তবে চূড়ান্তভাবে মুত্তাকীগণ এর কর্তৃত্ব লাভ করবে।"

[সূরা আল-আ'রাফ ঃ ১২৮]

অর্থাৎ আল্লাহ্ জমিনের কর্তৃত্ব মু'মিন বা কাফির যাকে খুশি দান করেন কিন্তু আয়াতের শেষে মুত্তাকী মু'মিনদের চূড়ান্ত কর্তৃত্ব লাভের কথা বলা হয়েছে।

আল্লাহ্ তা'আলা বলেনঃ

يريدونَ أَنْ يطْفئُوا نور الله بِأَفْواههم ويأْبى الله إِلا أَنْ

يتم نوره ولَو كره الْكَافرونَ

“ওরা চায় ফুৎকার দিয়ে আল্লাহ্র আলো নিভিয়ে দিতে, কিন্তু আল্লাহ্ তা পূর্ণাঙ্গ করবেনই কাফিরদের নিকট যতই তা ঘৃণা ও গাত্রদাহের কারণ হোক।”

[সূরা আত-তাওবাহ্ ঃ ৩২]

কাফিরগণ প্রাণপণ চেষ্টা চালাচ্ছে আল্লাহ্র আলো নির্বাপিত করতে; আল্লাহ্র আলো হল ইসলাম; মুহাম্মদ **صلى الله عليه وسلم** এর *রিসালাহ্*। ওরা চায় ইসলামের ধারা প্রতিহত করতে আর আল্লাহ্ বলেন যে, ওদের প্রচেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হবে। ইসলামের উপর আঘাত হানার জন্য ওরা যে অঢেল অর্থ সম্পদ ব্যয় করে, তা সত্যিই অবাক করার মত। ভেবে দেখুন, আল্লাহ্ ওদের কত নিয়ামত দান করেছেন, ওদের হাতে কত সহায় সম্পদ রয়েছে অথচ সবকিছুই ওরা বিনিয়োগ করছে ইসলামকে নিশ্চিহ্ন করার জন্য? কখনও আমরা অনুযোগ করে বলি, ওরা মিডিয়া নিয়ন্ত্রণ করছে, পৃথিবীর তাবৎ বহুল প্রচারিত সংবাদপত্র ওদের মুখপাত্র, সকল ক্ষমতাধর রেডিও স্টেশন ওদের দখলে, পৃথিবীর প্রভাবশালী মিডিয়া ওদের কব্জায়, সরকার ও পুলিশ বাহিনী ওদের বশীভূত; এক কথায় পৃথিবীর যাবতীয় কলকাঠি ওরাই নাড়ছে। ওদের হাতে যাবতীয় অর্থকড়ি, সহায় সম্বল। আমাদের কোন সুযোগই নেই ওদের বিরোধিতা বা সংগ্রাম করার, তাই আমাদের উচিত সংগ্রামের পথ পরিহার করে বিকল্প কোন উপায়ে ওদের মোকাবিলা করা; সম্মুখ সমরে আমাদের যাওয়া উচিত নয় যেহেতু কোনভাবেই আমরা ওদের সমকক্ষ হতে পারব না! বরং রাজনীতি ও কূটনীতির আশ্রয়ে ওদের মোকাবিলা করা শ্রেয়। কিন্তু আল্লাহ্ তা‘আলা বলেন,

فَسينفقُونها ثُم تكُونُ عليهم حسرةً ثُم يغلبونَ

“...বস্তুতঃ এখন ওরা আরও ব্যয় করবে। তারপর তাই ওদের জন্য আক্ষেপের কারণ হবে এবং শেষ পর্যন্ত ওদের পরাজিত করা হবে ...” *[সূরা আনফাল ঃ ৩৬]*

সুতরাং ওরা ওদের অর্থ সম্পদ ব্যয় করুক, যেহেতু এভাবেই ওরা পরাজিত হবে। উপরোক্ত আয়াতের অর্থ অনুযায়ী, প্রথমে ওদের অর্থ সম্পদ ব্যয়িত হবে, অতঃপর ওরা পরাজিত হবে। ইসলামের বিরুদ্ধে অভিযানে ওরা যখন বিপুল পরিমাণ অর্থ ব্যয় করে,

তখন আমাদের বরং খুশি হওয়া উচিত। কেননা, তা নির্দেশ করে যে, ইসলামের বিজয় আসন্ন। নির্ধারিত পথেই ঠিকঠাক মত ইসলামের বিজয় ঘনিয়ে আসছে।

আমেরিকা এখন অকপটে স্বীকার করছে, ভিয়েতনাম ও কোরিয়ান যুদ্ধের তুলনায় আফগানিস্তান ও ইরাক যুদ্ধে ওদের কত বেশি অর্থের যোগান দিতে হয়েছে। কোরিয়ান যুদ্ধ ও ভিয়েতনাম যুদ্ধে ওদেরকে যথাক্রমে ২০০ ও ৪০০ বিলিয়ন ডলার ব্যয় নির্বাহ করতে হয়। ইরাক যুদ্ধে ব্যয়িত অর্থের পরিমাণ ইতিমধ্যে ৮০০ বিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে; এখনও যুদ্ধ অব্যাহত আছে। মার্কিন অর্থনীতি ক্রমশ মুখ থুবড়ে পড়ছে। এভাবেই সম্পন্ন হবে উক্ত আয়াতের অর্থের বাস্তবায়ন; অর্থাৎ ওরা অগণিত অর্থ সম্পদ ব্যয় করে পরিশেষে অনুশোচিত হবে। ইরাক ও আফগানিস্তান যুদ্ধ আরোপিত ছিল না, কেউ ওদের উপর যুদ্ধ চাপিয়ে দেয়নি বরং ওরা নিজেরাই যুদ্ধের সূত্রপাত ঘটায়। অহেতুক সমস্যায় জড়ানোর কারণে, ওরা আফসোস করবে; অঢেল অর্থ সম্পদ ব্যয় করেও ওদের শেষ পর্যন্ত পরাজয়ের মাশুল গুণতে হবে।

আমেরিকার যুদ্ধংদেহী মনোভাবের সাদৃশ্য খুঁজে পাওয়া যায় আবু জাহলের ঘটনায়, যখন সে বদরের প্রান্তরে মুসলিম বাহিনীর মোকাবিলা করতে চেয়েছিল। মুসলিমগণ কাফিরদের বাণিজ্য কাফেলা তাড়া করতে উদ্যত হয়, কিন্তু কাফেলা নিরাপদে থাকায়, আবু সুফিয়ান তৎকালীন কাফির বাহিনী প্রধান আবু জাহলকে মক্কায় ফিরে যেতে বলে এবং যুদ্ধ এড়ানোর পরামর্শ দেয়। উদ্ধত, দুর্বিনীত আবু জাহল বলে, "না, আমরা তাদের মোকাবিলা করতে অগ্রসর হব! আমরা বদরে যাব, সেখানে তিনদিন আনন্দ ফূর্তি করব, মদ্য পান করব, মহিলারা আমাদের জন্য গান বাদ্য করবে। সমস্ত আরববাসীগণের অভিযানের কথা জানিয়ে দিতে চাই যেন তারা বুঝতে পারে যে কুরাইশদের দমানো বা লাঞ্ছিত করা সম্ভব নয়।" কাফিরগণ সেখানে তিন দিন আমোদ ফূর্তি করবে এবং এ খবর সমগ্র আরবে ছড়িয়ে পড়বে, কুরাইশদের সাথে এরপর কেউ যেন লড়তে সাহস না পায়।

আবু জাহল যেরূপ যুদ্ধ বেছে নিয়েছিল, বর্তমানে আমেরিকা আবু জাহলের ন্যায় ঔদ্ধত্যপূর্ণ আচরণ করছে; ওরা নিজে থেকে এই যুদ্ধ বেছে নিয়েছে। এ যুদ্ধের পরিণাম

আমদের সবার জানা, যেহেতু রাসূল **صلى الله عليه وسلم** হাদীসে কুদসীতে বলেন যে আল্লাহ্ তা'আলা বলেন, ***"যে কেহই আমার আওলিয়াকে শত্রু হিসেবে গণ্য করবে, আমি তাদের বিরুদ্ধে যুদ্ধ করব।"*** (হাদীসে কুদ্সী ২৫; আল-বুখারী)

সুতরাং মুসলিমরা নয় বরং আল্লাহ্ তা'আলা ওদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা করছেন! আমেরিকা আল্লাহ্ তা'আলার সাথে স্পর্ধামূলক যুদ্ধ কর্মে লিপ্ত!

আল্লাহ্ তা'আলা বলেনঃ

وعد الله الذين آمنوا منكُم وعملُوا الصالحات لَيستخلفَنهم في الأَرض كَما استخلَف الذين من قَبلهم ولَيمكنن لَهم دينهم الذي ارتضى لَهم ولَيبدلَنهم من بعد خوفهم أَمنا يعبدونَنِي لا يشركُونَ بِي شيئًا ومن كَفَر بعد ذَلك فَأُولَئك هم الْفَاسقُونَ

"তোমাদের মধ্যে যারা বিশ্বাস স্থাপন করে ও সৎকর্ম করে; আল্লাহ্ তাদেরকে ওয়াদা দিয়েছেন যে, তাদেরকে অবশ্যই পৃথিবীতে শাসনকর্তৃত্ব দান করবেন, যেমন তিনি শাসন কর্তৃত্ব দান করেছেন তাদের পূর্ববর্তীদেরকে। তিনি অবশ্যই তাদের দ্বীনকে প্রতিষ্ঠিত করবেন, যা তিনি তাদের জন্য পছন্দ করেছেন এবং ভয়ভীতির পরিবর্তে অবশ্যই তাদের শান্তি ও নিরাপত্তা প্রদান করবেন। তারা আমার ইবাদত করবে এবং আমার সাথে কাউকে শরীক করবে না। এরপর কেউ অকৃতজ্ঞ হলে, ওরা অবশ্যই পাপাচারী।" *[সূরা আন-নূর ঃ ৫৫]*

খিলাফাহ্ (শাসনকর্তৃত্ব) তাদের দেয়া হবে যারা ঈমান আনয়ন পূর্বক সৎকর্ম করবে। মুসলিমগণ বর্তমানে ভয়ভীতির মাঝে দিন অতিবাহিত করছে। আল্লাহ্ তা'আলা এই আয়াতে আমাদের প্রতিশ্রুতি দিচ্ছেন যে, তিনি আমাদের নিরাপত্তা প্রদান করবেন। তিনি এই উম্মতকে খিলাফত ও নিরাপত্তার প্রতিশ্রুতি দিয়েছেন; এবং এ দুনিয়াতে চূড়ান্তভাবে তাঁর দ্বীন প্রতিষ্ঠিত হবে।

২) খিলাফত ব্যবস্থার প্রত্যাবর্তন, বর্তমান সময়ের বা কালের জন্য আফসোস করা সমীচীন নয়

আমরা নিশ্চয়ই এই হাদীস জেনে থাকবো যেখানে মানব ইতিহাসের পর্যায় বা ধারা সম্পর্কে আলোচনা করা হয়েছে। রাসূল **صلى الله عليه وسلم** বলেনঃ *"রিসালাহ্ তোমাদের মাঝে ততদিন থাকবে, যতদিন আল্লাহ্ চাইবেন, পরে তা তুলে নিবেন। এরপর আসবে খিলাফাহ্ রাশিদার যুগ যা রিসালাতের নীতিতে চলবে। আল্লাহ্ যতদিন চাইবেন তা তোমাদের মাঝে বিরাজ করবে, পরে তা তুলে নেয়া হবে। এরপর শুরু হবে বংশানুক্রমিক নেতৃত্ব (রাজত্ব), আল্লাহ্ যতদিন চাইবেন তা ততদিন তোমাদের মাঝে বিরাজ করবে; পরে তিনি চাইলে তা তুলে নিবেন। তারপর শুরু হবে ফিৎনা-ফ্যাসাদের যুগ, যতদিন আল্লাহ্ চাইবেন, তা বিদ্যমান থাকবে, অতঃপর তা অপসারণ করবেন। তারপর ফিরে আসবে খিলাফাহ্ রাশিদাহ্ যা রিসালাতের অনুগামী হবে।"* এরপর তিনি [রাসূল **صلى الله عليه وسلم**] চুপ করলেন।[১]

হাদীসে বর্ণিত রিসালাতের যুগ রাসূল **صلى الله عليه وسلم** এর তিরোধানে সমাপ্ত হয়েছে। পরবর্তী পর্যায়ে খিলাফায়ে রাশিদার যুগ যা আবু বকর **رضي الله عنه** হতে আলী **رضي الله عنه** সময় পর্যন্ত বিস্তৃত। তারপর পর্যায়ক্রমে আসে রাজতন্ত্র, উমাইয়া, বনু আব্বাস, খিলাফায়ে উসমানিয়ার যুগ। তারপর হবে ফিৎনা, ফাসাদ, স্বৈরতন্ত্রের যুগ। আমরা বর্তমানে এই যুগে বসবাস করছি। তারপর পুনরায় ফিরে আসবে খিলাফায়ে রাশিদা। এভাবে পৃথিবীর সমাপ্তি ঘটবে, রাসূল **صلى الله عليه وسلم** যেহেতু শেষে মৌনাবলম্বন করেন, তা থেকেই এই ইঙ্গিত পাওয়া যায়।

কখনও আমরা সময়ের বা কালের অভিযোগ করে বলি যে, আমরা সবচেয়ে খারাপ সময়ে বসবাস করছি যখন উম্মাহ্ দুর্বল, অসহায়, পরাজিত, বিচ্ছিন্ন, বিভক্ত। আমরা যদি সাহাবীগণের যুগে বসবাস করতাম কিংবা ইসলামের স্বর্ণলী যুগে থাকতাম।

[১] মুসনাদ ইমাম আহমেদ খন্ড- ২৭৩, নুমান ইবন বাশীর **رضي الله عنه** থেকে বর্ণিত।

নিম্নলিখিত কারণে আমাদের কালের বা সময়ের বিরুদ্ধে অভিযোগ করা উচিত নয়ঃ-

প্রথম কারণঃ জনৈক তাবেঈ একজন সাহাবীকে জিজ্ঞাসা করেন, রাসূল **صلى الله عليه وسلم** যখন আপনাদের মাঝে ছিলেন, তাঁর সাথে আপনারা কী রূপ আচরণ করতেন?" উত্তরে সাহাবী বললেন কিভাবে তারা রাসূলের সাথে সাধ্যমত উত্তম ব্যবহার করতেন। তাবেঈ শুনে বললেন, "রাসূল **صلى الله عليه وسلم** -কে আমাদের জীবদ্দশায় পেলে তাঁকে ঘাড়ে তুলে বহন করতাম।" তাবেঈ আসলে যা বুঝাতে চেয়েছেন তা হল সাহাবীগণ রাসূলের সাথে যথাযথ আচরণ করেনি; যদি তাঁর সময়ে রাসূল **صلى الله عليه وسلم** জীবিত থাকতেন, তবে তিনি রাসূলের সাথে তাদের চেয়েও উত্তম আচরণ করতেন। উত্তরে সাহাবী বললেন, "কেউ জানে না, সে সময় জীবিত থাকলে সে কী করত; আমাদেরকে নিজের বাবা-ভাইয়ের বিপক্ষে জিহাদ করতে হয়েছে, যা কখনই সহজ কোন ব্যাপার ছিল না। আর এখন তোমাদের পিতা, ভাই, পরিবার, পরিজন মুসলিম; তুমি কেবল ধারণা করছে যে, রাসূল **صلى الله عليه وسلم** এর সাথে এ ধরণের আচরণ করতে। অতএব এমন কোন কিছুর আকাঙ্ক্ষা করবে না, যা আল্লাহ্ তোমার তাকদীরে নির্ধারণ করেনি।"

দ্বিতীয় কারণঃ আমাদের বর্তমান সময় নিয়ে অভিযোগ করা উচিত নয়; বরং বর্তমান সময়ে বাস করার জন্য আমাদের আল্লাহ্ তা'আলার কৃতজ্ঞতা প্রকাশ করা উচিত। কেন? মুসলিম উম্মতের মাঝে সাহাবীগণের মর্যাদা সর্বোচ্চ, এরপর তাবেঈগণ এবং এরপর তাবে-তাবেঈগণ। সাহাবীগণের মর্যাদা যে কারণে সবচেয়ে বেশি তা হল, তারাই ইসলামের ভিত্তিমূল রচনা করেন। তারা পুরোপুরি শূণ্য অবস্থা থেকে দ্বীনকে প্রতিষ্ঠিত করেন। আর অন্যদিকে পরবর্তী প্রজন্মের সময়ে ইসলাম প্রতিষ্ঠিতই ছিল, তারা কেবল এর বিকাশ লাভে অবদান রেখেছেন। কোথাও কোন বিদ'আতের আবির্ভাব ঘটলে তারা তা বিদূরিত করতেন, কিন্তু সাহাবীগণের রচিত ইসলামের ভিত তখন বর্তমান ছিল। এ কারণেই সাহাবীগণ শ্রেষ্ঠ প্রজন্ম, কেননা তাদের ত্যাগ ছিল সবচেয়ে বেশি আর কাজও ছিল সবচেয়ে কঠিন।

আমাদের জন্য যে বিষয়টি জরুরী তা হল, সময়ের চাহিদা অনুযায়ী কাজ করা। কেননা, একেক প্রজন্মে কাজের গুরুত্ব ও প্রকৃতি একেক রকম। বিষয়টি আরও পরিষ্কার

করে বলতে গেলে, ইমাম বুখারী যদি একশ বছর পর এসে একই কাজ করতেন, তবে তাঁর মর্যাদা আমাদের কাছে এখনকার মত হত না। ইমাম শাফেয়ীও যদি একশ বছর পরে এসে, একই কাজ করতেন, তবে তার মর্যাদাও আমাদের কাছে বর্তমানের মত হত না। কেন? কারণ কাজের চাহিদা বিভিন্ন সময়ে বিভিন্ন রকম।

লক্ষ্য করলে দেখা যাবে ফিক্বহ্ের চার ইমাম একই শতকে বসবাস করেন। আর হাদীসের ছয়জন ইমামও ঐ একই শতকে বসবাস করেন। এ থেকে বোঝা যায় যে, একটা সময়ে ফিক্বহ্ের প্রয়োজনীয়তা ছিল সবচেয়ে বেশি আর অন্য সময়ে হাদীসের। এ কথাটি বলার কারণ, আমরা যদি সর্বোৎকৃষ্ট উপায়ে ইসলামের সেবা করতে চাই, তবে বর্তমান সময়ের চাহিদা আগে উপলব্ধি করতে হবে।

আমরা দেখি যে, কতিপয় দ্বীনী ভাই দা'ওয়াতের উপর জোড় দেয় আবার কেউ হয়তো বা ইলমের উপর। আমাদের এ সকল দিকে জোড় দেয়া উচিত তবে চাহিদার নিরিখে বলতে গেলে সাহাবীগণের সময়ের সাথে বর্তমান সময়ের প্রয়োজনীয় কাজের মিল বা সাদৃশ্য রয়েছে। কেননা, বিগত চৌদ্দশ বছরে আমরা জাহেলিয়াতের সর্বনিম্ন স্তরে পৌঁছে গেছি।

আমরা যদিও বর্তমান সময়ের অভিযোগ করে থাকি, তথাপি সাহাবীগণের পরবর্তী প্রজন্মের মধ্যে বর্তমান প্রজন্মের অবস্থা ও কাল সাহাবীগণের অবস্থা ও কালে সাথে সাদৃশ্যপূর্ণ, যদিও বা হুবুহু এক ও অভিন্ন নয়। কেননা, সাহাবীগণের প্রজন্মের শুরুতে কোন ইসলামিক হুকুমত ছিল না আর বর্তমানেও নেই, কিন্তু বিগত চৌদ্দশ বছরে অবস্থা এরূপ ছিল না। সাহাবীগণকে তাদের সময়কার দুই বৃহৎ পরাশক্তি রোম ও পারস্য সাম্রাজ্যসহ চুতপার্শ্বের সমগ্র আরব শত্রুপক্ষের বিরুদ্ধে জিহাদ করতে হয়েছে। বর্তমানে আমাদের অবস্থাও একই রকম, কিন্তু বিগত চৌদ্দশ বছরে অবস্থা এরূপ ছিল না। পূর্বে যখন ইসলামী হুকুমত ছিল তখন সৎকাজে/সত্যের ব্যাপারে একে অপরকে সাহায্য করত এবং হিজরত করার মত উপযুক্ত স্থান ছিল। বর্তমানে আমরা দেখতে পাই যে, সারা পৃথিবী আমাদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত, যা সাহাবীগণের সময়কার অবস্থার অনুরূপ। ফলে, বর্তমান সময়ে সৎকাজের প্রতিদান বহুগুণ বেশি হবে। আমরা বলছি না যে, এই প্রতিদান সাহাবীগণের সমান তবে তা হবে নিঃসন্দেহে অনেক বেশি ও মাহাত্ম্যপূর্ণ।

একারণে রাসূল **صلى الله عليه وسلم** বলেছেন, **"*শেষ যামানার কতক লোকের আমলের প্রতিদান বা আজর হবে তোমাদের ৫০ জনের সমতুল্য*", সাহাবীগণ জিজ্ঞাসা করলেন, "ইয়া রাসূলুল্লাহ্, আমাদের ৫০ জন না তাদের ৫০ জন?" রাসূল বললেন, "*তোমাদের ৫০ জন*"** ।

সুতরাং, ১ ওয়াক্ত সালাত সাহাবীগণের ৫০ ওয়াক্ত সালাতের সমতুল্য হবে। তোমরা ১ দিন সিয়াম পালন করে ৫০ জন সাহাবীগণের সিয়াম পালনের সওয়াব পাবে। আমলের প্রতিদান ৫০ গুণ বেশি হবে, কিন্তু কেন? কারণ সে সময়টি হবে ভীষণ সঙ্কটময়। রাসূল **صلى الله عليه وسلم** বলেছেন, শেষ সময়ে কতিপয় লোকের আবির্ভাব ঘটবে যারা এই উম্মতের মাঝে সর্বশ্রেষ্ঠ। হাদিসে রাসূল **صلى الله عليه وسلم** বলেন, *"আদেন-আবিয়ান[২] হতে ১২০০ লোকের আবির্ভাব হবে যারা আল্লাহ্র দ্বীনকে বিজয়ী করবে। আমার পরে যত লোক আসবে তন্মধ্যে তারাই সর্বশ্রেষ্ঠ।"*

অতএব, রাসূলের **صلى الله عليه وسلم** পর বিগত শতকসমূহের মাঝে তারাই উম্মতের মাঝে সর্বশ্রেষ্ঠ, কারণ তাদের সময়ে অবস্থা ও পরিস্থিতি সাহাবীগণের সময়ের অনুরূপ। তাহলে *হাসানাহ*[৩] অর্জনের বর্তমান সুবর্ণযুগে বসবাস করতে আপত্তি বা অভিযোগ থাকবে কেন? কখনও সময় এমন যায়, যখন অর্থনৈতিক প্রবৃদ্ধি থাকে, প্রায় সকলেই থাকে অবস্থাপন্ন, আবার যখন অর্থনীতিতে মন্দাভাব দেখা যায়, মানুষ পরিতাপের সাথে ভাবে ও আশা করে, সুদিন ফিরে পেলে তারাও পূর্বসূরীগণের ন্যায় স্বচ্ছল হতে পারত। আমলের দিক বিবেচনায় আমরা এমনই উর্বর সময়ে বসবাস করছি; কিন্তু আমাদের তা উপলব্ধি করতে হবে, কী পরিমাণ সওয়াব অর্জনের সুবর্ণ হাতছানি আমাদের সামনে রয়েছে যদি আমরা এ ব্যাপারে তৎপর ও সচেষ্ট হই। সময় ও পরিবেশ প্রতিকূল না হয়ে যদি সহজ সাবলীল হয়, সে ক্ষেত্রে স্বভাবতই সওয়াব কমে যাবে। কঠিন সময় ও পরিস্থিতিতে সৎকাজের প্রতিদান বেড়ে যায়। তাহলে সময়ের অভিযোগের কারণ কোথায়, যখন বর্তমান সময়ই সর্বোকৃষ্ট?

---

[২] দক্ষিণ ইয়েমেন, বর্তমানে সেখানে স্থানীয়ভাবে সক্রিয় জিহাদী তৎপরতা রয়েছে।

[৩] সওয়াব, পুণ্য, প্রতিদান বা নেকি।

শেষ সময় যখন বিজয় প্রায় দ্বারপ্রান্তে, অদৃশ্যের বিষয়ে আল্লাহ্ই ভাল জানেন, রাসূল **صلى الله عليه وسلم** বিজয়ী মু'মিনদের দলটি সম্পর্কে বলেন, তারা ইমাম মাহদীকে, ঈসা ইবনে মারইয়াম (আঃ)কে বিজয়ী করবে; আমরা হয়ত সেই সময়ের অতি নিকটে বসবাস করছি, প্রতিদানও আশা করি হবে সেই অনুপাতে। আর যখন সবকিছু ঘটে চলছে, মানুষ প্রচুর সওয়ার অর্জন করছে তখন আমাদের ঘরে নিষ্ক্রিয় বসে থাকা অশোভনীয়, বেমানান, তাই আমাদের সময়ের দোষ না দিয়ে তার সদ্ব্যবহার করা উচিত।

রাসূল **صلى الله عليه وسلم** বলেন, ***"আল্লাহ্ আমার সামনে সমগ্র পৃথিবী তুলে ধরলেন, আমি এর পূর্ব হতে পশ্চিম প্রান্ত অবলোকন করলাম এখন অবশ্যই আমার উম্মতের আধিপত্য বিস্তার লাভ করবে, যা আমার সম্মুখে তুলে ধরা হল।"*** [সহীহ মুসলিম, হাদীস নং ২৮৮৯, সাওবান **رضي الله عنه** হতে বর্ণিত]

সুতরাং এই দ্বীন কায়েম হবে প্রতিটি মহাদেশ, প্রতিটি দেশ, এমনকি প্রতিটি শহরে। "*লা ইলাহা ইল্লাল্লাহ্*"-এর ব্যানার সকল শহরে প্রবেশ লাভ করবে। এই দ্বীন ততদূর পৌঁছাবে, যতদূর দিন ও রাত হয়; দিন ও রাত হয় না এমন স্থান আছে কোথাও? সুতরাং হে কাফির, মুনাফিক, এই দ্বীন হতে পলায়ন করতে চাইলে মঙ্গলগ্রহ বা অন্য কোথাও চলে যা! এই দুনিয়ায় তোদের স্থান নেই! আমাদের স্বীকার করতেই হবে, কাঙ্ক্ষিত বিজয় সঠিক পথেই আগাচ্ছে, কিন্তু প্রশ্ন হল কখন?

৩) বিজয় অতি নিকটে

প্রথমে আমরা একটা জিনিস ধরে নেই, পরে এর সত্যতা যাচাই করে দেখি। ধরে নেই, বিজয় অতি নিকটে। এবার তা প্রমাণ করার চেষ্টা করি। আমরা বিষয়টি যে মুলনীতির আলোকে পর্যালোচনা করব তা হলঃ আল্লাহ্ কোন পরিণতি চাইলে তার উপযোগী মাধ্যম ও তৈরী করবেন। এখন দেখা যাক এ মূলনীতিটি কতটুকু শুদ্ধ। সেজন্য আমরা ইতিহাস প্রসিদ্ধ কতগুলো ঘটনা উদাহরণ হিসেবে উল্লেখ করি।

প্রথম উদাহরণঃ বুখারী শরীফে আয়েশা **رضي الله عنها** হতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ্ **صلى الله عليه وسلم** মক্কায় দীর্ঘ ১৩ বছর দা'ওয়াহ্ দেন। সেখানে আশানুরূপ ফল না পেয়ে তিনি তায়েফে গমন করেন, কিন্তু সেখানেও তিনি বৈরী পরিস্থিতির শিকার হন। প্রতি বছর হজ্জের মৌসুমে তিনি বিভিন্ন গোত্রের কাছে দা'ওয়াহ্ দিতেন এবং নিদিষ্টভাবে তিনি তাদের কাছে সাহায্যের অঙ্গীকার চাইতেন, যাতে তিনি তাঁর রবের বাণী সবার নিকট পৌঁছাতে পারেন। কিন্তু কেউই তাঁর কথায় পুরোপুরি সম্মত হতে পারেনি। আল্লাহ্ চাচ্ছিলেন এই সুবর্ণ সুযোগ কোন গোত্র লাভ করুকঃ *আল-আওস ওয়াল-খাযরাজ*। কিন্তু কিভাবে তা হল? আওস এবং খাযরাজ গোত্রদ্বয় অন্তহীন দ্বন্দ্বযুদ্ধে লিপ্ত ছিল। তারা প্রতিদিন জেগে উঠে যুদ্ধ করত। এ রকমই ছিল তাদের জীবন। শেষমেষ তারা রণে ভঙ্গ ছিল। এই যুদ্ধ তাদের গ্রহণশীলতার চরম মাত্রায় পৌঁছাল। তাদের জীবনে এরপরে এল বুয়াসের দিন। আয়েশা **رضي الله عنها** এ প্রসঙ্গে বলেন, "বুয়াসের দিন ছিল আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে রাসূলের জন্য উপহার স্বরূপ" মদীনায় 'বুয়াসের' ঘটনার সময় রাসূলের মদীনার সাথে কোন সংশ্লিষ্টতা ছিল না; তাহলে বুয়াসের দিন কী ঘটেছিল? এটি এমন এক দিন যেদিন দুই গোত্র মুখোমুখি যুদ্ধে লিপ্ত হয়। তুমুল যুদ্ধের ফলে তারা উভয় গোত্রই নেতৃত্ব শূণ্য হয়ে পড়ে। ফলে যখন রাসূল **صلى الله عليه وسلم** তাদের নিকট আসেন, তারা ছিল নেতৃত্বহীন। কারণ তাদের নেতৃস্থানীয় লোকদের কেউ নিহত ও অবশিষ্টরা আহত হয়েছিল।

কুর'আনে বর্ণিত ঘটনাসমূহ লক্ষ্য করলে দেখা যায় যে, যারা নবীগণের বিরোধিতা করে তারা একটি বিশেষ শ্রেণীর হয়ে থাকে। কুর'আনে ওদেরকে '*আল-মালা*' নামে অভিহিত করা হয়েছে। কিন্তু কী ওদের পরিচয়? এরা হল নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ, হতে পারে তা রাজনৈতিক, অর্থনৈতিক, মিডিয়া সম্পর্কিত কিংবা সামাজিক। এরাই আম্বিয়াদের বিরোধিতা করে। কেন? কারণ ওরা নেতৃত্ব ও সামাজিক সুযোগ সুবিধা হারানোর আশঙ্কা করে। ওরা ওদের অবস্থার কোন রকম পরিবর্তন চায় না। ফলে ওরা আম্বিয়াদের দা'ওয়াতের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। ওরা ভাল করেই জানে আম্বিয়াগণ ওদের ক্ষমতা চূর্ণ করে আল্লাহ্র বিধান কায়েম করতে চায়। এমতাবস্থায় সমাজের সকলেই হবে সমান। খলিফা নিযুক্ত হবে আল্লাহ্র আইন কায়েম করার জন্য, কারো ব্যক্তিস্বার্থ সংরক্ষণের সুযোগ থাকবে না।

আবু বকর আল-সিদ্দীক **رضي الله عنه**, উমর ইবন আল-খাত্তাব **رضي الله عنه** কেহই ব্যক্তি স্বার্থের কারণে নয়, বরং আল্লাহ্র কিতাব ও বিধান কায়েমের জন্য খলিফা নিযুক্ত হন। খলিফাকে বলা হয় '*মাসূল*' কেননা, কিয়ামতে তাঁকে দায়িত্ব সম্পর্কে প্রশ্ন করা হবে। খিলাফতের পদে নিয়োজিত ব্যক্তি দায়িত্ব কতর্ব্য সম্বন্ধে বিচার দিবসে আল্লাহ্র কাছে জিজ্ঞাসিত হবে। কেহই এই পদ পেতে চাইত না; খলিফাগণকে এই পদে জোড় পূর্বক নিয়োগ দেয়া হয়েছিল। আবু বকর **رضي الله عنه** বাইয়াত দিতে চেয়েছিলেন উমর **رضي الله عنه**-এর নিকট । উমরের নিকট আবু বকর জোড় পূর্বক খিলাফতের দায়িত্ব হস্ত ান্তর করেন। এরপর লোকেরা খিলাফতের দায়িত্ব আব্দুল্লাহ্ ইবনে উমরের নিকট হস্তান্ত রের দাবি জানালে তাঁর পিতা উমর **رضي الله عنه** বলেন, "আমি চাই না আমার পরিবারের দু'জন লোক বিচার দিবসে আল্লাহ্র নিকট খিলাফতের দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হোক।"

সুতরাং *আল-মালা* হল সেসকল লোক যারা ইসলামের বিরুদ্ধাচরণ করে। যেমনঃ ফিরআউন, কারূন, আবু জাহল, আবু লাহাব প্রমুখ। সামাজিক পদমর্যাদার কারণে ওরা অর্থ, যশ, খ্যাতি, সম্মানসহ ও বিবিধ চরম সুযোগ সুবিধা অর্জন করে। তা সত্ত্বেও ওরা ক্ষতিগ্রস্থ। ওরা নিজেদের মুক্ত ও স্বাধীনচেতা মনে করলেও মানব রচিত ব্যবস্থাধীনে প্রকৃত অর্থে কেউই স্বাধীন নয়। রাবিয়া ইবন আমীর **رضي الله عنه** যখন পারস্যে গমন করেন, পারস্যের নেতা জানতে চান, "তোমরা কেন আমাদের বাসভূমিতে এসেছ? অর্থের প্রয়োজন থাকলে তোমাদের সকলকে অর্থ প্রদানের ব্যবস্থা করব, সুতরাং আমাদেরকে আমাদের মত থাকতে দিয়ে তোমরা চলে যাও।" জবাবে রাবিয়া বললেন, "এ রকম কোন উদ্দেশ্যে আমরা এখানে আগমন করিনি। মানুষদের সৃষ্টির দাসত্ব করা হতে মুক্ত করে শুধু সৃষ্টা তথা আল্লাহ্র দাসত্বে নিয়োজিত করার জন্য ও ধর্মের নামে যে জুলুমের বেড়াজাল তৈরী হয়েছে তা ছিন্ন করে কেবল ইসলামের ন্যায়-বিচার প্রতিষ্ঠার জন্য আমাদের প্রেরণ করা হয়েছে। আমরা মানুষকে এই দুনিয়ার সংকীর্ণতা থেকে বের করে এই পৃথিবী ও আখিরাতের বিশালতায় নিয়ে যেতে চাই।"

রাবিয়া ইবন আমীর **رضي الله عنه** ধর্মতত্ত্বের ছাত্র ছিলেন না, তা সত্ত্বেও অন্যান্য সকল ধর্মের জুলুম তথা অবিচারের কথা বললেন। অন্য সকল ধর্ম সম্পর্কে তাঁর জ্ঞান অর্জনের প্রয়োজন ছিল না, কারণ ওহীর জ্ঞান দ্বারা তিনি ওয়াকিবহাল ছিলেন যে, কেবল ইসলাম-ই ন্যায় বিচার ও ইনসাফ প্রতিষ্ঠা করতে পারে, বাকি সকল ধর্মই যুলুম পরায়ন।

পূর্বেও নেতৃত্ব না থাকায় বুয়াসের দিন ছিল নতুন ক্ষেত্র তৈরীর প্রস্তুতি পর্ব। হজ্জে গমন করে আনসারগণ মুহাম্মদ **صلى الله عليه وسلم** -এর সম্পর্কে শুনে বলেছিলেন, "চল, আমরা এ ব্যক্তিকে আমাদের বাসভূমিতে নিয়ে যাই। আল্লাহ্ হয়ত আমাদেরকে তাঁর দ্বারা একত্রিত ও সংঘবদ্ধ করবেন।" সুব্হানাল্লাহ্! নেতৃত্ব ছাড়া মানবতা টিকে থাকতে পারে না; ভাল-মন্দ উভয় ক্ষেত্রেই নেতৃত্ব প্রয়োজন। আর-রাহমানের বাহিনীর যেমন নেতৃত্ব ও দিক নির্দেশনা প্রয়োজন তেমনি প্রয়োজন আশ-শায়তানের বাহিনীরও। মানব প্রকৃতি আসলে এমনই; কাউকে না কাউকে আমাদের প্রয়োজন যে আমাদের পথ দেখাবে।

প্রস্তুতি পর্বের আরেকটি উল্লেখযোগ্য দিক ছিল আনসারগণ ছিল ইহুদীদের প্রতিবেশী। ওদের নিকট আনসারগণ একজন রাসূলের আগমনের কথা জানতেন, কিন্তু সে সময় অন্য কোন আরব গোষ্ঠী এ ব্যাপারে কিছুই জানত না। আনসারগণ ইহুদীদের বলতে শুনতেন, "আমাদের মাঝে একজন রাসূল প্রেরণ করা হবে। তখন আমরা তোমাদের সেভাবে হত্যা করব, যেভাবে *আ'দ* জাতিকে ধ্বংস করা হয়েছিল।"

ইহুদীরা আনসারদের একজন রাসূল আগমনের এবং তাদেরকে বিনাশের হুমকি দিত, যদিও বাস্তবে হয়েছিল ঠিক তার উল্টো। কোন নির্দিষ্ট পরিণতির দিকে কি এসব ঘটনা পূর্ব প্রস্তুতি মূলক ছিল না? আল্লাহ্ তা'আলা চান যে, আনসারগণ মুসলিম হোক এবং রাসূল **صلى الله عليه وسلم** -এর সেবায় নিয়োজিত হোক।

সুতরাং ঘটনা পরম্পরায় তাদের প্রস্তুতি চলছিল। আনসারগণ বুয়াসের দিন যুদ্ধ করেন কোন পূর্বাপর ধারণা ছাড়াই যে, ঐ দিন তাদের ইসলামের নিকটবর্তী করতে যাচ্ছে। বুয়াসের যুদ্ধ ছিল জাহেলিয়াতের যুদ্ধ, কিন্তু তা তাদের আল্লাহ্ তা'আলার দিকে ধাবিত করছিল।

২য় উদাহরণঃ আরেকটি উদাহরণ হল, যখন উমর বিন আল-খাত্তাব **رضي الله عنه** পারস্য সাম্রাজ্যের বিরুদ্ধে অভিযানে বাহিনী প্রেরণ করেন, সেই মুসলিম বাহিনীর প্রধান সেনাপতি উবায়দা আস-সাকাফী **رضي الله عنه** ছিলেন অত্যন্ত অকুতোভয় ও অসীম সাহসী। তাঁর প্রয়োজনাতিরিক্ত ঝুঁকি নেয়ার দরুণ আল-জিসরের যুদ্ধে মুসলিম বাহিনী প্রায় হারতেই বসেছিল। সেদিন মুসলিম বাহিনীর অর্ধেক সদস্য শাহাদাত বরণ করেছিলেন। পারস্য সাম্রাজ্যেও সেসময় সুবর্ণ সুযোগ ছিল মুসলিম বাহিনীকে পুরোপুরি ঘায়েল করার; তারা মনে করেছিল, পালের হাওয়া তাদের দিকেই বইছে। মুসলিমরা এ যাবত পারস্যের যত ভূমি দখল করেছিল, সবই তারা ফিরে পেতে যাচ্ছে।

"*আত-তারীখ আল-ইসলামী*" এর গ্রন্থকার মাহমূদ শাকির বলেন, "কিন্তু আল্লাহ্ মু'মিনগণের সাথেই আছেন।" যদি মু'মিনগণ বিজয়ের শর্ত পূরণ করে, যে কোন ভাবে হোক তারা বিজয় লাভ করবেই। সংখ্যা কিংবা নিউক্লিয়ার বোমা থাকা এক্ষেত্রে কোন নির্ধারক বা শর্ত নয়। ঈমানের শর্ত পূরণ হলে আল্লাহ্ বিজয় দান করবেন। যেহেতু আল্লাহ্ তা'আলা বলেন,

إن الله يدافع عن الذين آمنوا

"নিশ্চয়ই আল্লাহ্ মু'মিনদেরকে রক্ষা করবেন ..." *[সূরা আল-হাজ্জঃ ৩৮]*

যাদের অধিক সমরাস্ত্র বা অধিক সৈন্য সামন্ত্য রয়েছে এর মানে নয় আল্লাহ্ তা'আলা তাদের অভিভাবক বরং তিনি তাদের অভিভাবক যাদের পূর্ণ ও দৃঢ় ঈমান আছে। আপাত দৃষ্টিতে মুসলিমরা পরাজয় বরণের সম্মুখীন হলেও আল্লাহ্ তা'আলা নির্ধারিত পরিণামের উপায় বা মাধ্যম সৃষ্টি করে দিলেন। মুসলিমদেরকে বিপদ থেকে কেবল আল্লাহ্ই উদ্ধার করেন। পারস্যের রাজধানীতে দুই প্রধান নেতৃত্ব পরস্পর বিবাদে জড়িয়ে পড়ে, রুস্তম প্রায় অর্ধ সৈন্য সহ এক পক্ষে বিভক্ত হয়ে পড়ে, আর অন্য পক্ষে বাকি অর্ধ সৈন্য। মুসলিম বাহিনীর বিরুদ্ধে নিযুক্ত জেনারেলকে রাজধানীতে বিবাদ মেটানোর জন্য তলব করা হয়। মুসলিমদের যেখানে পুরাদস্তুর পরাজয় ও নিশ্চিহ্ন হওয়ার উপক্রম হয়েছিল, শত্রুপক্ষ চলে যাওয়ায় একাকী তারা সেখানে অপেক্ষা করতে

লাগল, ইত্যবসরে খলিফা শক্তি সঞ্চার ও পূর্ণ উদ্যমে আক্রমন পরিচালনা করার সুযোগ পেলেন। শত্রুপক্ষের মাঝে বিবাদ ঠিক সময় মতই ঘটেছিল কারণ আল্লাহ্ তা'আলা চেয়েছিলেন এই জমিন ইসলামের জন্য উম্মুক্ত হোক। যদিও একসময় মনে হয়েছিল যুদ্ধের ফলাফল মুসলিমদের প্রতিকূলে, আল্লাহ্ তা'আলা শেষ পর্যন্ত তাদের বিজয়ী করলেন।

৩য় উদাহরণঃ এ উদাহরণটি ক্রুসেডের ঘটনা থেকে নেয়া। সালাহ্ উদ্দিন আইয়্যুবী পবিত্র ভূমির আশপাশের মুসলিমদের সংঘবদ্ধ করে ক্রুসেডারদের বিরুদ্ধে অভিযান চালাতে মনস্থ করলেন। অথচ তাঁর পূর্বে কোন মুসলিম নেতাই তা করতে সাহস করেনি। ক্রুসেডাররা জেরুযালেম, আশ-শাম[৪] এবং আরও কিছু গুরুত্বপূর্ণ এলাকা দখল করে রেখেছিল। সালাহ্ উদ্দিন رحمه الله এ যুদ্ধের সূত্রপাত করেছিলেন। ক্রুসেডাররাও তাঁকে বেশ গুরুত্বের সাথেই নিয়েছিল, কারণ ওরা জানতে যে, তিনি কোন সাধারণ প্রতিপক্ষ নন। রোমানদের বিরুদ্ধে যুদ্ধের সিদ্ধান্ত নেয়ায় মুসিলম নেতৃবৃন্দ তাকে উম্মাদ বলতে থাকে। ওদের মতে, "রোমান সম্রাজ্য এমন মহা সমুদ্র যার কোন কূল-কিনারা নেই।" অন্য কথায়, ওরা যা বলতে চেয়েছিল তা হচ্ছে, রোমান সম্রাজ্য আমাদের উপর তান্ডব বইয়ে দেবে, কেননা ইউরোপ ছিল একতাবদ্ধ, ওদের জনসংখ্যাও ছিল প্রচুর। ওরা যুদ্ধ করছিল এক বিভক্ত উম্মতের বিরুদ্ধে। সালাহ্ উদ্দিন رحمه الله উম্মতের কিয়দাংশ নিয়ে যুদ্ধ করছিলেন, কেননা উম্মাহ্ ছিল তখন শতধা বিভক্ত। তাঁর প্রতিপক্ষ ইউরোপ ছিল অধিক সৈন্যবাহিনী সম্বলিত, সুসংঘবদ্ধ। মুসলিম নেতৃবৃন্দ সালাহ্ উদ্দিন আইয়্যুবীর প্রয়াসকে স্রেফ পাগলামি বলতে লাগল, কিন্তু আল্লাহ্ তা'আলার উপর *তাওয়াক্কুল* (পূর্ণ ভরসা) রেখে ক্রুসেডারদের বিরুদ্ধে যুদ্ধ করে ওদের বহু এলাকা তিনি দখল করতে লাগলেন। এমতাবস্থায় পোপ এই নতুন চতুর্থ ক্রুসেডে গোটা ইউরোপকে শামিল করতে লাগলো। সালাহ্ উদ্দিন আইয়্যুবীর বিরুদ্ধে ইউরোপের এই ক্রুসেড ছিল স্মরণ কালের বৃহত্তম যুদ্ধ সমাবেশ। এ ঘটনা থেকে আঁচ করা যায়, সালাহ্ উদ্দিন আইয়্যুবীর যুদ্ধে নেতৃত্ব প্রদানের কথা জানতে পেরে, গোটা ইউরোপ চতুর্থ ক্রুসেডকে কতখানি গুরুত্বের সাথে নিয়েছিল। সাধারণ কোন জেনারেল যুদ্ধের নেতৃত্ব দিলে ধরে নেয়া হত, যুদ্ধ শত্রু

[৪] সিরিয়া, জর্ডান, লেবানন, ইয়েমেন ও ফিলিস্তীন।

শিবিরে কম নাড়া দিয়েছে, কিন্তু যুদ্ধে নেতৃত্ব প্রদানের দায়িত্ব গ্রহণ করে স্বয়ং ইংল্যান্ড, ফ্রান্স ও জার্মানীর রাজবৃন্দ। তারা স্বয়ং ফিলিস্তীনে গিয়ে যুদ্ধের পরিকল্পনা গ্রহণ করে। যেহেতু তিন দেশের সেনাবাহিনী সমবেত করা হবে বলে ঠিক করা হয়, তাদের সম্মিলিত সদস্য সংখ্যা দাঁড়ায় সে সময়ের সাধারণ যুদ্ধের সংখ্যার তুলণায় বহুগুণ বেশি। কোন তথ্যসূত্র এমনও দাবি করে যে, খোদ জার্মানীর রাজা ফ্রেডরিক বারবারোসার সৈন্য সংখ্যা ছিল তিন লক্ষ। সেসময় এই সংখ্যা শুনলে সহসা কেউ ভয়ে মূর্ছা যেত। সেনা সংখ্যা এত বিপুল ছিল যে, নৌ যুদ্ধ জাহাজ ও বাণিজ্যিক জাহাজে সকলের স্থান সংকুলান হয়নি। ফলে, ফ্রান্স ও ইংল্যান্ডের বাহিনী জাহাজে আর জার্মান বাহিনীকে পায়ে হেঁটে রওয়ানা হতে হয়। এখন দেখা যাক, আলিমগণ এই অভিযানের ব্যাপারে কি মতামত ব্যক্ত করেন।

ইবনে আসীর رحمه الله বলেন, "ওরা স্থলপথ ও সমুদ্রপথে আমাদের দিকে আসছিল। সংবাদ ছড়িয়ে পড়ল যে, জার্মান রাজা তিন লক্ষ সামর্থ্যবান সৈন্যসমেত উত্তর দিক হতে রওনা হচ্ছে। মুসলিম সুলতান ও আপামর জনসাধারণ ভীত সন্ত্রস্ত হল। আলেমগণের মধ্যে অনেকেই জিহাদের প্রতি ভালবাসার দরুণ আশ-শামে যাওয়ার প্রস্তুতি নেন, কিন্তু ফরাসী বাহিনীর সদস্য সংখ্যা শুনে পিছু হটে যান।"

তারা কেন পিছু হটেছিলেন? সংখ্যা বেশি হলে কি ফিক্বহের পরিবর্তন হয়? তারা জিহাদের নিয়্যতে বের হয়েছিলেন, পরে সংখ্যাধিক্যের কারণে ফিরে যান, অথচ তারা ছিলেন আলেম। এখানে একটি শিক্ষণীয় বিষয় রয়েছে আর তা হল আলেমগণ নিষ্পাপ, মাসুম বা ভুলের উর্ধ্বে নন। তাঁরা নন আম্বিয়া। মানুষ অন্ধভাবে আলেমদের পিছনে ছুটলে এমন কোন নিশ্চয়তা নেই যে, অনুসারীদের তারা সৎপথে পরিচালিত করবে। তবে সকল আলেমের ক্ষেত্রে তা সাধারণভাবে প্রযোজ্য নয়। যেহেতু ইবন আসীর رحمه الله বলেন যে তাদের মাঝে কতক ফিরে গিয়েছিলেন। এই উম্মতের মাঝে সব সময়ই একটি গোষ্ঠী বা দল হবে যাদের বলা হয়েছে '*আত-তা'ঈফাহ্*'। অধিকাংশ লোক দায়িত্ব হতে অব্যাহতি পেতে আলেমগণের ঘাড়ে দোষ চাপিয়ে বলে যে, 'অমুক আলেম এরূপ কোন ফাতওয়া দেননি, অমুক আলিম জিহাদে যেতে বলেননি।' অর্থাৎ তারা আলেমগণের দোষারোপ করে, যদিও এমন আলেমগণ রয়েছেন যারা ঐ মতের বিপরীত

ও সঠিক মত প্রচার করেন; যারা সঠিক *মানহায* বা নীতি অবলম্বন করেন, তাঁরা হয়ত বা কারারুদ্ধ, নির্যাতিত, শহীদ, অন্তরীণ কিংবা কোন টিভি স্টেশনে তাঁদের খুৎবা প্রচার না করায় তেমন জনপ্রিয়তা লাভ করেননি। কিন্তু তাঁরাও আলেম, আমরা এমন এক সময়ে বাস করছি যখন আলেমগণের মূল্যায়ন করা হয় খ্যাতি ও যশের ভিত্তিতে, ইলমের সঠিক মানদন্ডে নয়। পূর্বে আলেমগণের সাক্ষ্যের ভিত্তিতে কাউকে আলেম রূপে গণ্য করা হত। শিক্ষক বা উস্তাদ প্রশিক্ষণ দান শেষে ছাত্রকে আলেম হিসেবে ঘোষণা দিতেন। অধিকাংশ আলেমগণের মতে যে সর্বাধিক ইলম সম্পন্ন সেই ফতোয়া প্রদানের উপযুক্ত বলে বিবেচিত হত আর এখন সরকারীভাবে আলেমদের নিয়োগ দেয়া হয়। এখন কেউ আলেমগণের সর্ব সম্মত সিদ্ধান্তে নয় বরং সরকারী নির্দেশে সহসাই পোষ্য আলেমে পরিণত হয়। স্যাটেলাইট চ্যানেল ও রেডিও স্টেশনে বিভিন্ন প্রোগ্রামে আবির্ভূত হয়ে বিখ্যাত আলেম হিসেবে ব্যাপক পরিচিত লাভ করে। তবে কখনোই এরূপে ইলমের মূল্যায়ন হওয়া উচিত নয়। আমাদের উচিত *আল-হক্ব* (সত্যের) অনুসরণ করা, তা যে রূপেই হোক না কেন।

ইবনে আসীর رحمه الله বলেন যে সংখ্যাধিক্যের কথা শুনে কিছু সংখ্যক আলেম পিছু হটে গিয়েছিলেন। আর আলেম হওয়ার কারণে তারা ওজর খুঁজতে দলীলের শরণাপন্ন হলেন- ভাল করেই তারা জানতেন কিভাবে আয়াত বা হাদীস বিকৃত করে তা শরীয়া অনুমোদিত বলে প্রমাণ করা যায়। তারা তাদের অপারগতার কথা এ বলে স্বীকার করবে না যে, "দুঃখিত! আমরা কাপুরুষ, তাই আমরা আর সামনে আগাতে চাই না।" বরং তারা বলবে, "জিহাদে যাওয়া *হিক্‌মাহ্* (প্রজ্ঞার) নয় এবং এর মাঝে কোন বিচক্ষণতা নেই, কিংবা সালাহ্ উদ্দিন একজন অবুঝ, আমরা তাকে বারণ করা সত্ত্বেও সে জিহাদে গিয়েছে কিংবা সালাহ্ উদ্দিনের ইলম নেই কিংবা সে ঠিকমত আরবী জানে না, সুতরাং ফতোয়া জারী করে শক্তিধর প্রতি পক্ষের মোকাবেলায় নেমে উম্মতকে সমস্যায় ফেলার কি অধিকার আছে তার? তার উচিত আলেমদের নিকট থেকে ফতোয়া নেয়া, কিন্তু সে তা করেনি। অতএব, সে তার মত যাক আর মরুক।" এভাবে আলেমরা চলে গেলো, তাতে কি হল?

নিঃসন্দেহে তা ছিল আল্লাহ্‌র পক্ষ থেকে একটি পরীক্ষা- আলেমদের জন্য, সালাহ্ উদ্দিনের رحمه الله জন্য এবং গোটা উম্মতের জন্য ।

বিশাল বাহিনী ধেয়ে আসছিল, মুসলিমদের কেউ ছিল দৃঢ়, আর কেউ পিছু হটেছিল । এর সাথে সাদৃশ্য খুঁজে পাওয়া যায় মূসা (আঃ) এবং বনী ইসরাঈলের ঘটনার মাঝে, যখন তারা সমুদ্রের নিকট উপনীত হলেন, তাদের জন্য সেটা ছিল ভীষণ এক পরীক্ষা । আল্লাহ্ মহা মহিমান্বিত চাননি মু'মিনরা ধ্বংস হোক, তিনি কেবল তাদের পরীক্ষা করতে চেয়েছিলেন । মূসা (আঃ) ও তাঁর উম্মাহ্ এমন এক অবস্থায় উপনীত হলেন, যখন তাদের সামনে সমুদ্র আর পিছনে ফেরাউনের বিশাল বাহিনী । এ অবস্থায় বনী ইসরাঈলরা মূসা (আঃ) কে বললেন, "তুমি আমাদের মিথ্যা আশ্বাস দিয়েছিলে, তুমি বলেছিলে যে, আল্লাহ্ আমাদের রক্ষা করবেন, হিফাজতে রাখবেন । আর আমরা এখন মৃত্যুর সম্মুখীন । আমাদের সামনে সমুদ্র আর পিছনে ফেরাউনের বাহিনী । বের হবার কোন পথ নেই । উত্তরে মূসা (আঃ) যা বললেন– আল্লাহ্ তা'আলা সেই সুন্দর ও ঐতিহাসিক উক্তি পবিত্র কুর'আনে তুলে ধরেন,

قَالَ كَلَّا إِنَّ مَعِيَ رَبِّي سَيَهْدِينِ

"(মূসা) বলল, কখনই নয়, নিশ্চয়ই আমার রব আমার সাথে আছেন, তিনি আমাকে অচিরেই পথ দেখাবেন ।" *[সূরা আশ-শুয়ারাঃ ৬২]*

এটা এমন যেন মূসা (আঃ) বলছেন, "আমি আমার চোখকে অবিশ্বাস করি, যখন সামনে সমুদ্র ও পেছনে ফেরআউনের বাহিনীকে দেখি । আমি আমার কানকে অবিশ্বাস করি যখন বনী ইসরাঈল আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ উত্থাপন করে । আমি কেবল আমার আল্লাহ্‌র উপর ঈমানে আস্থা রাখি; আল্লাহ্ আমাকে প্রতিশ্রুতি দিয়েছেন, তিনি তা পূরণ করবেন ।" এমতাবস্থায় পরীক্ষার অবসান হল । আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা মূসা (আঃ) কে লাঠি দিয়ে সমুদ্রে আঘাত করতে বললেন । এই পরীক্ষা দ্বারা প্রমাণিত হল, কে ছিল দৃঢ় ও স্থির আর কে নয় ।

সালাহ্ উদ্দিন আইয়্যুবীর সময়ও ছিল একই রকম এক মহা পরীক্ষা। তিন লক্ষ সৈন্যসহ ফ্রেডরিক বারবারোসা অগ্রসর হচ্ছিল। ওরা একটি নদীতে পৌঁছালেন, এর পরের ঘটনাবলী প্রসঙ্গে বিভিন্ন বর্ণনা রয়েছে, তম্মধ্যে একটি বর্ণনা হলঃ নদীর পানি ছিল অত্যধিক ঠান্ডা, হয়ত পর্বত ছড়ায় বরফ গলার কারণে খুব ঠান্ডা ছিল। জলবায়ু ছিল ভীষণ উত্তপ্ত আর পানি অত্যাধিক ঠান্ডা। ফ্রেডরিক বারবারোসা, যে তার বাহিনীকে নেতৃত্ব দিয়ে অগ্রসর হচ্ছিল, ছিল সত্তর দশকের বয়োবৃদ্ধ। মাথা হতে পা পর্যন্ত তিনি যুদ্ধের পোশাকে সজ্জিত ছিলেন, ওরা মুসলিমদের ন্যায় হালকা বর্মে সজ্জিত হয়ে যুদ্ধ করত না। এ প্রসঙ্গে আল্লাহ্ তা'আলা বলেন,

لا يقَاتلُونكُم جميعا إلا في قُرى محصنة أو من وراءِ

"ওরা সংঘবদ্ধভাবেও তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করতে পারবে না। ওরা যুদ্ধ করবে কেবল সুরক্ষিত জনপদে অথবা দুর্গ প্রাচীরের আড়াল থেকে; ..."

[সূরা আল-হাশরঃ ১৪]

ওদের রক্ষাব্যুহ হতে পারে কোন দুর্গ বা বর্ম কিন্তু যেই মাত্র ওদেরকে যুদ্ধ পোষাক, রক্ষাব্যুহ, খন্দক থেকে বের করে আনা হবে– খালাস, সে খতম; এ কারণে ইবনে আল-কাইয়্যিম رحمه الله বলেন, "সাহাবীগণের শরীর তাদের শত্রুদের থেকে বৃহদকায় ছিল না, তাদের প্রশিক্ষণও পর্যাপ্ত ছিল না, ছিল না তাদের ভাল বর্ম, তাদের যুদ্ধাস্ত্রও সংখ্যায় ছিল অপ্রতুল। কিন্তু সাহস ও ঈমানের চেতনায় শত্রুপক্ষ হেরে যেত, যখন এ সবের প্রয়োজন ছিল সবচেয়ে বেশি।"

অতএব, সাহাবীগণের মনোবল ছিল, কিন্তু শত্রুদের ছিল না। যদিও তাদের কাছে সর্বাধুনিক সমরাস্ত্র, বর্ম, প্রশিক্ষিত সামরিক বাহিনী অর্থাৎ বিজয়ের সব উপকরণই মজুদ ছিল, তথাপি মনোবলের অভাবেই ওরা হেরে যেত।

ফ্রেডরিক ঘোড়ায় চড়ে খাল পার হচ্ছিল আর হঠাৎ কেন যেন ঘোড়াটি ভয় পেয়ে লাফ দিল। ফ্রেডরিক বারবারোসা শীতল পানিতে পড়ে হার্ট এ্যাটাকে মারা গেল। এ

প্রসঙ্গে ইবনে আসীর رحمه الله ঠাট্টা করে বলেন, "জার্মানীর রাজা এমন পানিতে মারা গেলেন যার উচ্চতা হাঁটু সমানও নয়।"

ফ্রেডরিক বারবারোসার নামেই সবার অন্তরে ভীতির সঞ্চার হত। ইউরোপীয় রাজাদের মধ্যে সেই ছিল সবচেয়ে শক্তিশালী ও ক্ষমতাধর, অথচ সেই কিনা এতটুকু পানিতে মারা গেল। এরপর ইবন আসীর رحمه الله বলেন, "রাজার মৃত্যুর পর ওদের মধ্যে রোগ সংক্রমন ঘটল, ওরাও বিচ্ছিন্ন হয়ে পড়ল। যত দিনে ওরা আশ-শামে পৌঁছাল, দেখে মনে হচ্ছিল, ওরা যেন কবর থেকে উঠে এসেছে। আর যতদিনে ওরা আল-আক্কায় পৌঁছাল, তিন লক্ষ সৈন্যবাহিনী তখন মাত্র এক হাজারে নেমে এসেছে।"

ওদেরকে দেখলে মনে হবে যেন এই মাত্র ওরা কবর থেকে উঠে এল। তিন লক্ষের মধ্যে কেবল এক হাজার সৈন্য সালাহ্ উদ্দিনের সাথে যুদ্ধ করতে এসেছে। তো তাহলে কে অধিক জ্ঞানী ছিল? পালিয়ে যাওয়া আলেমের দল, নাকি সালাহ্ উদ্দিন আইয়্যুবী?

